# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)


## সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।*

১. ▶




ক. 'Sociology' শব্দটি কোন দুটি বিদেশী শব্দের সমাহার? ১

খ. পরিকল্পনা প্রণয়নে সমাজবিজ্ঞানের ভূমিকা কী? ২

গ. উল্লিখিত সালগুলো বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চায় কেন গুরুত্বপূর্ণ— ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সমাজবিজ্ঞান একটি গতিশীল ও সম্প্রসারণ বিজ্ঞান'— উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৪

২. ▶ মিথিলা এসএসসি পরীক্ষার প্রস্তুতি নিচ্ছে। পত্রিকায় একটি খবর পড়ে তার মন ভীষণ খারাপ। এক মেয়ে নেশাগ্রস্ত তার বাবা-মাকে হত্যা করেছে। মিথিলা ভেবে পাচ্ছে না মেয়ে কীভাবে আপন বাবা-মাকে হত্যা করতে পারে? এ বিষয়ে চিন্তায় মিথিলার লেখাপড়া বাধাগ্রস্ত হতে দেখে তার বাবা মিথিলাকে এ বিষয়ে চিন্তা না করে লেখাপড়ায় মন দিতে বললেন। তিনি আরও জানালেন তুমি ইচ্ছে করলে এইচএসসি পর্যায়ে এ সব সমস্যার ব্যাখ্যা দেয় এমন বিষয়ে লেখাপড়া করতে পারবে।

ক. সমাজবিজ্ঞান সমীক্ষা বইটির লেখক কে? ১

খ. 'সমাজবিজ্ঞান একটি মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান'— বুঝিয়ে লিখ। ২

গ. জ্ঞানের কোন শাখা মিথিলার ভাবনার বিষয়টি নিয়ে ব্যাখ্যা বিশ্লেষণ করে? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. বাংলাদেশে এ বিজ্ঞানের প্রসার যত দ্রুত হবে ততই বিভিন্ন সামাজিক সমস্যাগুলো মোকাবেলা করা সহজ হবে। মূল্যায়ন করো। 8

৩. ▶ দৃশ্যপট—১ : শিক্ষক ক্লাসে পড়াচ্ছিলেন যে, প্রত্নতত্ত্বের সময়কালের ভিত্তিতে সমাজের শ্রেণী বিভাগ। তিনি বলেন যে, এ যুগের মানুষ আগুনের ব্যবহার, পোশাক পরিধানের শিক্ষা নিয়েছে। তিনি আরো বলেন যে, সে যুগের উৎপাদন ব্যবস্থা ছিল সংগ্রহমূলক।

দৃশ্যপট—২ : শিক্ষক পরের দিন পড়াচ্ছিলেন যে, এ যুগের মানুষ জীবনধারণের প্রয়োজনীয় খাদ্য ও উপকরণ গ্রামের মানুষেরা নিজেরাই উৎপাদন করত। কিন্তু এ যুগে সামাজিক সংগঠনের ভিত্তি ছিল টোটেম।

ক. 'হাইডেলবার্গ মানব' কোন যুগের প্রতিনিধি? ১

খ. এথনিক সম্প্রদায় বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে দৃশ্যপট—১ : এ শিক্ষক কোন যুগ সম্পর্কে ছাত্রদের পড়াচ্ছিলেন? বর্ণনা করো। ৩

ঘ. তুমি কি মনে কর বর্তমান সমাজ ও সভ্যতা বিকাশে দৃশ্যপট—২ এর শিক্ষক কর্তৃক পড়ানো যুগের অবদান রয়েছে? মূল্যায়ন করো। 8

8. ▶ 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।'

ক. ছয় দফার প্রধান দফাটি লিখ? ১

খ. অসহযোগ আন্দোলন কী? ২

গ. স্লোগানটি কে কোথায় দিয়ে ছিলেন? প্রেক্ষাপট ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত স্লোগানটি মুক্তিকামী মানুষকে ঐক্যবদ্ধ করতে যাদুর মতো কাজ করেছে? ব্যাখ্যা করো। 8

৫. ▶





ক. কোন সালের কোন তারিখে ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্বীকৃতি লাভ করে? ১

https://teachingbd24.com

খ. যুক্তফ্রন্ট কী? ২

গ. ছবি—১ ও ছবি—২ এর ঐতিহাসিক গুরুত্ব ব্যাখ্যা করো। ৩

ঘ. ছবিতে প্রদর্শিত ঘটনা দুটি আমাদের আর্থ-সামাজিক, সাংস্কৃতিক বঞ্চনা ও পরাধীনতা হতে মুক্তি দেয়— ব্যাখ্যা করো। ৪

৬. ▶ দৃশ্যপট—১ : বাংলাদেশে বসবাসকারী একটি ক্ষুদ্র নৃগোষ্ঠী, যারা পাহাড়ের পাদদেশে গর্ত করে বিভিন্ন শস্যের বীজ রোপণ করে শস্য উৎপাদন করে। তাদের পারিবারিক ক্ষমতা স্বামীর হাতে বা বয়স্ক পুরুষদের হাতে ন্যস্ত।

দৃশ্যপট—২ : বাংলাদেশের বসবাসকারী অপর একটি ক্ষুদ্র নৃগোষ্ঠী যারা এখন পর্যন্ত কৃষিকাজ ও পশুপালন করে। তাদের পারিবারিক ক্ষমতা স্ত্রীর হাতে মা-বাবার হাতে ন্যস্ত।

ক. সোমপুর বিহার কোথায় অবস্থিত? ১

খ. লৌহকে আধুনিক সভ্যতার ভিত্তি বলা হয় কেন? ২

গ. দৃশ্যপট—২ : এ বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর কথা বলা হয়েছে? তাদের সম্পর্কে আলোচনা করো। ৩

ঘ. 'দৃশ্যপট—১ ও দৃশ্যপট—২ এ বাংলাদেশের দুটি ক্ষুদ্র নৃগোষ্ঠী ভিন্ন, তাদের জীবনধারা ও কর্মপ্রণালী ভিন্ন'— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? ব্যাখ্যা করো। ৪

৭. ▶ সাজুর আব্বা একজন উচ্চপদস্থ সরকারী কর্মকর্তা। সে একটি স্কুলের নবম শ্রেণির ছাত্রী। গ্রীষ্মের ছুটিতে তার মামার গ্রামের বাড়িতে তারা বেড়াতে আসে। তার মামার অনেক জমিজমা আছে। গ্রামের লোক তার মামাকে অনেক সম্মান করে এবং তিনি ইউনিয়ন পরিষদেরও চেয়ারম্যান।

ক. গ্রামীণ ক্ষমতা কাঠামো বলতে কী বোঝায়? ১

খ. বর্গাচাষি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সাজুর মামার সামাজিক অবস্থা সামাজিক স্তরবিন্যাসের কোন ধরনকে প্রতিফলিত করে— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি গ্রামীণ সামাজিক স্তরবিন্যাসের একটি উদাহরণ— ব্যাখ্যা করো। ৪

৮. ▶ আলিপুরের কৃষক রহিমের ছেলে আজিম। সে এইচএসসি পাস করে শহরে গিয়ে কম্পিউটারের উপর ট্রেনিং নেয়। গ্রামে এসে সে একটি কম্পিউটার দোকান দিয়ে গ্রামবাসীকে বিভিন্নমুখী সেবা দিচ্ছে।

ক. বিশ্বায়ন কী? ১

খ. সামাজিক পরিবর্তনে শিক্ষার প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের কোন উপাদানের প্রভাবকে নির্দেশ করে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের পরিবর্তন প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রযুক্তিগত পরিবর্তনের ফল— মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

৯. ▶ উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

ইউপি চেয়ারম্যান
↓
মোড়ল বা মাতব্বর
↓
নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ

ক. নিরক্ষরতা বলতে কী বোঝ? ১
খ. 'Push Factor' এর একটি উদাহরণ দাও। ২
গ. উদ্দীপকে কীসের ভিত্তিতে গ্রাম সমাজের স্তরসমূহকে ভাগ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'গ্রাম সমাজের স্তরবিন্যাসে উক্ত উপাদানটিই একমাত্র ও মুখ্য উপাদান নয়।' বিশ্লেষণ করো। ৪

১০. ▶ ফুলতলি গ্রামের অধিকাংশ মানুষ কৃষিজীবী। কিছুকাল আগেও তারা কয়েক কিলোমিটার হেঁটে গিয়ে কৃষি অফিস হতে ফসল উৎপাদন সংক্রান্ত পরামর্শ নিতেন। বর্তমানে মোবাইল ফোন হতেই তারা এ সেবা পাচ্ছেন। তাছাড়া কৃষিকাজে আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করছেন। ফলে অর্থনৈতিক দিক থেকে গ্রামটি বেশ সচ্ছল।

ক. গ্রামীণ সমাজ ব্যবস্থায় 'ধনী কৃষক' কারা? ১
খ. 'শিল্পায়ন ও নগরায়ণ একে অন্যের পরিপূরক'— ব্যাখ্যা করো। ২
গ. ফুলতলি গ্রামের সামাজিক পরিবর্তনে কোন উপাদানের প্রভাব প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'বাংলাদেশের সামাজিক পরিবর্তনে উক্ত উপাদানটির প্রভাব দিন দিন বৃদ্ধি পাচ্ছে।— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১. ▶ একসময় স্বামী ও চার সন্তান নিয়ে শাহানার অভাবের সংসার ছিল। সংসারে স্বামীর কথাই বিনাবাক্যে মেনে চলতে হতো। অতঃপর স্বামীর অনুমতি নিয়ে শাহানা স্থানীয় একটি বেসরকারি সংস্থা হতে কিছু টাকা নিয়ে হাঁস-মুরগির খামার গড়ে তোলেন। ধীরে ধীরে পরিবারে সচ্ছলতা আসে। এখন তার স্বামী সকল বিষয়ে তার সাথে পরামর্শ করে সিদ্ধান্ত নেন।

ক. 'BARD' এর পূর্ণরূপ লিখ। ১
খ. 'বাল্যবিবাহ ও জনসংখ্যা বৃদ্ধি পরস্পর সম্পর্কিত'— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বেসরকারি সংস্থার কোন কার্যক্রমের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'গ্রামীণ নারীদের ক্ষমতায়নে এনজিওগুলো বিশেষ ভূমিকা রাখে।— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

teachingbd24.com

# সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ৮

সময়- ৩০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. বাংলাদেশে সমাজবিজ্ঞান প্রতিষ্ঠায় যে নৃবিজ্ঞানী ভূমিকা রাখেন তার নাম
ক) এ কে নাজমুল করিম
খ) অজিত কুমার সেন
গ) পেত্রী র্বুল
ঘ) রাধা কমল মুখার্জি

২. সমাজবিজ্ঞান কোন ধরনের বিজ্ঞান?
ক) প্রাকৃতিক বিজ্ঞান
খ) সামাজিক বিজ্ঞান
গ) মানবতাবাদী বিজ্ঞান
ঘ) দর্শন সম্পর্কিত বিজ্ঞান

৩. ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগের প্রথম বিভাগীয় প্রধান ছিলেন—
ক) ড. পেরী বেসাইনী
খ) এ কে নাজমুল করিম
গ) ড. রঙ্গলাল সেন
ঘ) রাধা কমল মুখার্জি

৪. সংস্কৃতির অসম অগ্রগতির তত্ত্বটি প্রদান করেছেন—
ক) ম্যাকাইভার  খ) ম্যাক্স ওয়েবার
গ) অগবার্ণ  ঘ) অগাস্ট কোঁৎ

৫. পৌষ মেলা কোন ধরনের সংস্কৃতি?
ক) গ্রামীণ সংস্কৃতি  খ) নগর সংস্কৃতি
গ) বস্তুগত সংস্কৃতি  ঘ) বিদেশী সংস্কৃতি

৬. নিচের কোনটি গ্রামীণ সংস্কৃতির উদাহরণ?
ক) নবান্ন উৎসব  খ) বই মেলা
গ) বৃক্ষ মেলা  ঘ) বৈসাবী উৎসব

৭. কোচ নৃগোষ্ঠী বাংলাদেশের কোন অঞ্চলে বাস করে।
ক) বগুড়া  খ) নোয়াখালী
গ) বরিশাল  ঘ) চট্টগ্রাম

৮. কৃষিতে প্রযুক্তি ব্যবহারের ফলে—
i. কর্মসংস্থান বৃদ্ধি পায়
ii. উৎপাদন খরচ বৃদ্ধি পায়
iii. ফসল উৎপাদন বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও
সেঁজুতির পূর্বপুরুষরা ঐতিহ্যবাহী সাংসারেক ধর্মে বিশ্বাসী ছিলেন। বর্তমানে তার পরিবারের সবাই খ্রিস্টান ধর্মে বিশ্বাসী।

৯. সেঁজুতি কোন নৃগোষ্ঠীর সদস্য?
ক) চাকমা  খ) গারো
গ) সাঁওতাল  ঘ) রাখাইন

১০. সেঁজুতি বিয়ের ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো—
i. সে তার চাচার ছেলেকে বিয়ে করতে পারবে
ii. সালিশের মাধ্যমে সে তার বিবাহ বিচ্ছেদ ঘটাতে পারবে
iii. বিয়ের পর সে তার স্বামীকে নিয়ে নিজের মায়ের বাড়িতে থাকবে।
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১১. কে প্রথম বিশ্বায়ন সম্পর্কে ধারণা দেন?
ক) জন ক্যালভিন  খ) এডাম স্মিথ
গ) রোনাল্ড রবার্টসন  ঘ) জে গুয়াটিন্স

১২. কৃষিতে প্রযুক্তি ব্যবহারের ফলে—
i. ধনী কৃষকের সংখ্যা বৃদ্ধি পায়
ii. কর্মসংস্থান বৃদ্ধি পায়
iii. উৎপাদন খরচ বৃদ্ধি পায়
iv. ফসল উৎপাদন বৃদ্ধি পায়

নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও
চাপাডাংগা গ্রামে একটি বেসরকারী সংস্থার অর্থায়নে একটি স্কুল ও পাকা রাস্তা তৈরি করা হয়েছে।

১৩. উদ্দীপকে বেসরকারি সংস্থার কোন ভূমিকাটি প্রকাশ পেয়েছে?
ক) শিক্ষার উন্নয়ন
খ) দারিদ্র্য বিমোচন
গ) কর্মসংস্থান
ঘ) অবকাঠামোগত উন্নয়ন

১৪. উক্ত কর্মকাণ্ড চাপাডাংগা গ্রামে—
i. শিক্ষার হার বৃদ্ধি করবে
ii. দক্ষ মানবসম্পদ গড়ে তুলবে
iii. যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

https://teachingbd24.com

১৫. কোনটি নগরের প্রধান বৈশিষ্ট্য
ক) অকৃষিজ পেশা   খ) কৃষি কাজ
গ) ব্যবসায়-বাণিজ্য   ঘ) চাকুরি

১৬. গ্রামীণ জনগোষ্ঠী চিত্তবিনোদনের জন্য যাত্রা করে—
ক) ক্রিকেট খেলা   খ) সিনেমা দেখা
গ) পাশা খেলা   ঘ) নৌকা বাইচ

১৭. গ্রামের বৈশিষ্ট্য হলো—
i. কৃষিই হচ্ছে মূল পেশা
ii. সামাজিক ও ভৌগলিক গতিশীলতা যার বেশী
iii. সামাজিক পরিবর্তন কম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

১৮. ক্ষমতার বৈধতা হলো
ক) কর্তৃত্ব   খ) কাঠামো
গ) স্তর বিন্যাস   ঘ) শিক্ষা

১৯. গ্রামীণ সমাজে উন্নয়নের মূল উৎস হলো—
ক) শিক্ষা   খ) আধুনিক প্রযুক্তি
গ) কৃষি   ঘ) শিল্প

২০. প্রান্তিক কৃষক হলো—
ক) যাদের ভূমির পরিমাণ এমন যে, নিজেদের ভরণ পোষণ কোন রকমে চালানো সম্ভব হয়।
খ) যারা অন্যের জমি চাষ করে।
গ) যাদের ভূমির পরিমাণ ০.০৫
ঘ) যাদের ভূমির পরিমাণ অনেক বেশী।

২১. 'সামাজিক পরিবর্তন হলো সমাজ কাঠামো ও কার্যাবলীর পরিবর্তন'— উক্তিটি কার?
ক) Rosers   খ) Samuel Koenig
গ) Kingsley Davis   ঘ) Sephard

২২. গ্রামীণ যৌথ পরিবার ব্যবস্থা ভাঙনের প্রধান কারণ—
ক) নগরায়ণ ও শিল্পায়ন
খ) নারী শিক্ষা
গ) স্বার্থপরতা
ঘ) গ্রামীণ দারিদ্র

২৩. আধুনিক প্রযুক্তি ও গণমাধ্যম গ্রামে যে পরিবর্তন আনতে পারে—
i. শিক্ষার প্রসার
ii. কৃষিতে আধুনিকীকরণ
iii. অপরাধ প্রবণতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৪. নিচের কোনটি সামাজিক পরিবর্তন?
ক) যৌথ পরিবার ভাঙন
খ) নদী ভাঙন
গ) মহৎ ব্যক্তির আবির্ভাব
ঘ) ভৌগোলিক আবিষ্কার

২৫. একজন পূর্ণ বয়স্ক লোকের দৈনিক ন্যূনতম কত কিলোক্যালরি খাদ্যের প্রয়োজন—
ক) ২০২২   খ) ২১২২
গ) ২২২১   ঘ) ২০২২

২৬. নগর দারিদ্র্যকে কত ভাগে ভাগ করা হয়েছে—
ক) ২   খ) ৩
গ) ৪   ঘ) ৫

২৭. ক্ষুদ্র ঋণ মূলত কাদের মধ্যে বিতরণ করা হয়—
ক) দরিদ্র ব্যবসায়ী   খ) দরিদ্র মহিলা
গ) শিল্পপতি   ঘ) দরিদ্র মহিলার স্বামী

২৮. BBS-২০১৬ জরিপ অনুযায়ী কত ভাগ লোক দারিদ্র্য সীমার নিচে—
ক) ৩১.৫   খ) ২৪.৩
গ) ৩০.৩   ঘ) ৩২.২

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও
পলাশপুর গ্রামের কৃষকরা উন্নত বীজ, সার, কীটনাশক ও প্রযুক্তির ব্যবহার করে চাষাবাদ করে। এতে কৃষি উৎপাদন বৃদ্ধির পাশাপাশি সমাজের বিভিন্ন ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন ঘটে।

২৯. উদ্দীপকে সমাজজীবনে প্রভাব বিস্তারকারী কোন উপাদানের প্রতি ইঙ্গিত করা হয়েছে?
ক) ভৌগোলিক   খ) সাংস্কৃতিক
গ) বংশগতি   ঘ) গোষ্ঠীগত

৩০. উক্ত উপাদানের প্রভাবে পলাশপুর গ্রামে—
i. খাদ্য সংকট দূর হবে
ii. কর্মসংস্থান বৃদ্ধি পাবে
iii. যৌথ পরিবার ভেঙে যাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com